

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৫  
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৯.১৩.০২৩.০৯(অংশ)-৭০

তারিখঃ ১৬ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ  
৩০ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

প্রেরকঃ তৈয়বুল হাসান  
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)  
আইন ও বিচার বিভাগ।

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়,  
হিসাব ভবন, কক্ষ নং-৫০৬, ৫ম তলা,  
সিজিএ ভবন সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সাবেক সংযুক্ত কর্মকর্তা (জেলা জজ) বর্তমানে বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত জনাব মোঃ জাহাঙ্গীর আলম মোল্লা এর অর্জিত ছুটির নগদায়ন (Lump amount) মঞ্জুর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সাবেক সংযুক্ত কর্মকর্তা (জেলা জজ) জনাব মোঃ জাহাঙ্গীর আলম মোল্লার অনুকূলে এ বিভাগের বিচার শাখা-৩ এর ০৩.১২.২০১৯ খ্রি. তারিখের ৯২০-বিচার-৩/১ডি-১৯/২০১০ নং প্রজ্ঞাপনমূলে তাকে ০৬.০৪.২০১৬ খ্রি. তারিখ হতে ০৫.০৪.২০১৭ খ্রি. তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণগড় বেতনে ভূতাপেক্ষভাবে অবসর উত্তর (PRL) ছুটি মঞ্জুর করায় তিনি বিধিমোতাবেক সমুদয় বকেয়া বেতন-ভাতাদি ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্ত হবেন মর্মে আদেশ প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে তাঁকে ভূতাপেক্ষভাবে অবসর-উত্তর ছুটি মঞ্জুরের পর পূর্ণ গড় বেতনে ১৮(আঠার) মাসের অধিক অর্জিত ছুটি পাওনা থাকায় অর্থ মন্ত্রণালয় অর্থ বিভাগ (বাস্তবায়ন অনুবিভাগ) এর ১৩ এপ্রিল, ২০১৬ খ্রি. তারিখের এস. আর. ও. ৯৭-আইন/২০১৬ মোতাবেক জারিকৃত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৬ এর ১০(২)(খ) অনুচ্ছেদ অনুসারে তাঁর মূল বেতন = ৭৮,০০০/- (আটাত্তর হাজার) হওয়ায় তাঁকে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (৭৮,০০০ x ১৮)=১৪,০৪,০০০/- (চৌদ্দ লক্ষ চার হাজার) Lump amount অর্জিত ছুটির নগদায়ন হিসেবে পরিশোধের জন্য ব্যয়ের মঞ্জুরী জ্ঞাপন করা হলো।

০২। এই ব্যয় ২০১৮-২০১৯ অর্থ বছরের ১২১০১০১১০৪৪১৯ সচিবালয়-৩১১১১০১ নং খাতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান করা হবে।

  
তৈয়বুল হাসান


সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)

নং-১০.০০.০০০০.১২৯.১৩.০২৩.০৯(অংশ)-৭০

তারিখঃ ১৬ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ  
৩০ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব মোঃ জাহাঙ্গীর আলম মোল্লা, সাবেক সংযুক্ত কর্মকর্তা (জেলা জজ), আইন ও বিচার বিভাগ।
২. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-১/৩/৪), আইন ও বিচার বিভাগ।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, কক্ষ নং-৫০৬, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. যুগ্ম-সচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৯. উপ-সচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১০. অফিস কপি।

  
তৈয়বুল হাসান

সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)

Email : section5@lawjusticediv.gov.bd  
ফোন: ৯৫৭৭৪২০